

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৬২৩
উদয়পুর, ১৯ জানুয়ারি, ২০২৪

বিকশিত ভারত সংকল্প যাত্রা

সরকারি প্রকল্পের সুযোগ সুবিধা অন্তিম ব্যক্তির কাছে পৌছে দেওয়া হচ্ছে : অর্থমন্ত্রী
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সমাজের অন্তিম ব্যক্তির কাছে সরকারি প্রকল্পের
সুযোগ সুবিধা পৌছে দেওয়ার কাজ চলছে। শিক্ষা, স্বাস্থ্য, গ্রামীণ যোগাযোগ ইত্যাদি সকল
ক্ষেত্রে সার্বিক উন্নয়নের জন্য বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করা হচ্ছে। আজ উদয়পুর স্পোর্টস
গ্রাউন্ড-এ দুই দিনব্যাপী গোমতী জেলাভিত্তিক প্রতি ঘরে সুশাসন ২.০ এবং বিকশিত ভারত
সংকল্প যাত্রার উদ্বোধন করে এই কথা বলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। তিনি বলেন,
সরকারি প্রকল্পের আর্থিক সুবিধা সরাসরি সুবিধাভোগীদের একাউন্টে দেওয়ার ব্যবস্থা করেছেন
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এতে করে দুনীতি কমেছে। তিনি বলেন, এখন সরকারি সুযোগ সুবিধা
গ্রহণ করার জন্য মানুষকে আর হয়রানির শিকার হতে হয় না। প্রধানমন্ত্রী আবাস যোজনা,
উজ্জ্বলা যোজনা, আয়ুষ্মান কার্ড, পিএমকিষাণ ইত্যাদি সব প্রকল্পের সুবিধা প্রতি ঘরে সুশাসন
কর্মসূচির মাধ্যমে মানুষের কাছে পৌছে দেওয়া হচ্ছে।

অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন বিধায়ক অভিযেক দেবরায়, সমাজসেবক রাজীব
ভট্টাচার্য প্রমুখ। এদিন স্বাগত বক্তব্য রাখেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপ্রিয়তি দেবল দেবরায়।
অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার, মাতাবাড়ি পঞ্চায়েত
সমিতির চেয়ারম্যান সুজন কুমার সেন, টেপানিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ঝর্ণা রাণী
দাস প্রমুখ। এদিন উপস্থিত অতিথিগণ বিভিন্ন প্রকল্পের সুবিধা সুবিধাভোগীদের হাতে তুলে
দেন।
